

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
আইসিটি সেল
www.brdb.gov.bd

স্মারকঃ ৪৭.৬২.০০০০.৪১১.১০.০৯৯.১৬-১০০৬৩

তারিখঃ ১৮/০৯/২০২৩

বিষয়ঃ বিআরডিবি'র জেলা এবং উপজেলা দপ্তরের তথ্য বাতায়ন/ওয়েবসাইট/ওয়েবপোর্টাল জরুরী ভিত্তিতে কার্যকর ও হালনাগাদকরণ।

সূত্রঃ মাঠ পর্যায়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২৩-২৪ এর কার্যক্রম সূচক [৫.১] এবং কর্মসম্পাদন সূচক [৫.১.১] এবং [৫.১.২] মোতাবেক।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি সদরদপ্তরের পাশাপাশি মাঠ পর্যায়ের জেলা ও উপজেলাসমূহ ২০১৮ সাল থেকে তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত হয়েছে। তথ্য বাতায়ন চালু ও হালনাগাদকরণের পাশাপাশি বিআরডিবি সদরদপ্তর থেকেও বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিভিন্ন সময় প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে। তথাপি বিআরডিবি'র অধিকাংশ জেলা ও উপজেলা কার্যালয়ের অনেক তথ্য বাতায়ন কার্যকর নেই এবং নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছেনা। গত ২৪ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সিটিজের চার্টার বিষয়ক ভার্চুয়াল সভায় জেলা ও উপজেলার তথ্য বাতায়ন হালনাগাদ না থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়।

২। জেলা ও উপজেলা দপ্তরের নিজ নিজ তথ্য বাতায়ন অধিকতর হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণীয়:

- নিজ দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণের ছবি, কর্পোরেট মোবাইল নম্বর, টেলিফোন নম্বরসহ হালনাগাদ তথ্য সংযোজন করা।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, সিটিজেট চার্টার সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য ত্রৈমাসিক/মাসিক ভিত্তিতে সংযোজন করা;
- তথ্য বাতায়নের ম্যানুয়াল ([লিংক](#)) ও ভিডিও গাইডলাইন ([লিংক](#)) সঠিকভাবে অনুসরণপূর্বক তথ্য সংযোজন করা;
- তথ্য বাতায়নে 'আইন/নীতিমালা/প্রজ্ঞাপন' শিরোনামে একটি সেবাবক্সে তৈরীপূর্বক দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকল আইন, বিধি, নীতিমালা, প্রজ্ঞাপন, পরিপত্র, প্রবিধান ও নির্দেশিকা ইত্যাদি হালনাগাদ করা;
- তথ্য বাতায়নের বাংলা ও ইংরেজি ভার্সনের তথ্যের মধ্যে সামঞ্জস্য বজায় রাখা;
- সম্প্রতি কী কী তথ্য ও সেবা তথ্য বাতায়নে সংযোজন করা হয়েছে তা ব্যবহারকারীদের নিকট অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ;
- বিআরডিবি সদরদপ্তরের তথ্য বাতায়নে প্রচারিত সংশ্লিষ্ট পত্রসমূহ জেলা/উপজেলা'র তথ্য বাতায়নে প্রচারের ব্যবস্থা করা;
- মাঠ পর্যায়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২৩-২৪ এর কার্যক্রম সূচক [৫.১] এবং কর্মসম্পাদন সূচক [৫.১.২] মোতাবেক আওতাধীন উপজেলাসমূহকে তথ্য বাতায়ন হালনাগাদকরণের নির্দেশনা প্রদান এবং নিয়মিত পরিবীক্ষণ করা;
- জেলা/উপজেলার তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য বিআরডিবি/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তথ্য বাতায়নের কাঠামো অনুসরণ করা যেতে পারে।

৩। বর্ণিতাবস্থায়, বিআরডিবি'র আওতাধীন জেলা/উপজেলা দপ্তরসমূহের তথ্য বাতায়ন দ্রুততম সময়ের মধ্যে

হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদবিষয়ে যে কোন সহযোগিতার জন্য জনাব নাজনীন খানম, উপপরিচালক (প্রোগ্রামিং) :01915843607 এবং জনাব এস.এম.মাসুদ বিল্লাহ, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল) :01558887471 এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



সরদার মোঃ কেরামত আলী
পরিচালক (পরিকল্পনা)
(ফোন)+৮৮০২৫৫০১১৬৯৯
(ফ্যাক্স)+৮৮০২৪১০১০৩২১
drplan@brdb.gov.bd


- ১। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর (সকল);
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপজেলা দপ্তর (সকল)।

স্মারকঃ ৪৭.৬২.০০০০.৪১১.১০.০৯৯.১৬- ২০০৬৩

তারিখঃ ২৮/০২/২০২৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মপরিচালক, গবেষণা, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



নাজনীন খানম
উপপরিচালক (প্রোগ্রামিং)